

বিডি-সিএসও এনজিও প্রসেস (স্থানীয়করণ) বিষয়ক বিভাগীয় আহ্বায়ক কমিটির ২য় সভার সিদ্ধান্ত সমূহ

স্থান: কোস্ট ট্রাস্ট, কেন্দ্রীয় কার্যালয়, সময় -সকাল ১০ টা থেকে ২ টা পর্যন্ত, তারিখ ২৭ এপ্রিল ২০১৭।

অদ্য ২৭ এপ্রিল শনিবার ২০১৭ কোস্ট ট্রাস্ট কেন্দ্রীয় কার্যালয়ে ৮ টি বিভাগের আহ্বায়কবৃন্দ ও মনোনীত সদস্যদের সমন্বয়ে বিডি সিএসও এনজিও কো-অর্ডিনেশন প্রসেস বিষয়ক একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয় এবং অনুষ্ঠান সঞ্চালন করেন কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক ও ইক্যুইটিবিডির প্রধান মডারেটর জনাব রেজাউল করিম চৌধুরী।

আলোচ্যসূচি:-

- ১। বিভাগ ও জেলার পূর্নঙ্গ কমিটি গঠন
- ২। ২৪ টি জেলায় ওয়ার্কশপের তারিখ নির্ধারণ
- ৩। জাতীয় সম্মেলন ৬ জুলাই ২০১৯
- ৪। লোকাইলেজশন ওয়েবসাইট আপডেট
- ৫। স্থানীয় সংগঠনের জবাবদিহিতার চার্টার প্রসেস
- ৫। বিবিধ

সিদ্ধান্তসমূহ:-

- ১। বিডি সিএসও এনজিও কো-অর্ডিনেশন প্রসেস সচিবালয় থেকে কমিটি গঠনের নির্দেশিকা মোতাবেক আগামী ২০ মে, ২০১৯ তারিখের মধ্যে সকল বিভাগ ও ২৪ টি জেলার পূর্নঙ্গ কমিটি গঠন করে সচিবালয় প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ২। (ক) ৮ টি বিভাগের ২৪ টি জেলায় ওয়ার্কশপের এর তারিখ নির্ধারণ করা হয় বিভাগ অনুযায়ী যথাক্রমে :
৮-১৩ জুন - ময়মনসিংহ ও খুলনা বিভাগ
১৫-২০ জুন - রংপুর ও রাজশাহী বিভাগ
২২-২৭ জুন - চট্টগ্রাম ও বরিশাল বিভাগ
২৯ জুন থেকে ৪ জুলাই - সিলেট ও ঢাকা বিভাগ
উক্ত তারিখের ভিতর উল্লেখিত জেলা সমূহের ওয়ার্কশপ সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
(খ) প্রত্যেক জেলায় ওয়ার্কশপের বাজেট -২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা।
বিভাগ অনুযায়ী জেলা গুলির নাম :- ঢাকা : (মুন্সিগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ), ময়মনসিংহ : (জামালপুর, শেরপুর, নেত্রকোনা), সিলেট : (সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার), খুলনা : (বাগেরহাট, সাতক্ষিরা, মাগুরা), রাজশাহী : (চাপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ), রংপুর : (দিনাজপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম), বরিশাল : (বরগুনা, পিরোজপুর, পটুয়াখালী), চট্টগ্রাম : (চাঁদপুর, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়ীয়া)।
- ৩। আগামী ৬ জুলাই ২০১৯, কৃষিবিদ ইন্সটিটিউট মিলনায়তনে সকাল ৯-৩০ মিনিট থেকে বিকাল ৪ টা পর্যন্ত এই জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে।
- ৪। বিডি সিএসও এনজিও কো-অর্ডিনেশন প্রসেস ক্যাম্পেইন কর্মসূচির নিজস্ব একটি ওয়েবসাইট থাকবে। ওয়েবসাইট ২মে ২০১৯ থেকে চালু হবে। ওয়েবসাইটের মাধ্যমে প্রক্রিয়ার ঘোষণাপত্র সবাই এনডোর্স করবেন। জেলা পর্যায়ের সংগঠন গুলোকে সবাই এনডোর্স করতে উৎসাহিত করবেন। সচিবালয় থেকে একটি ফরমেট আপনাদের দেওয়া হবে সেখানে যে তথ্যগুলি চাওয়া হবে তা যথাযথভাবে পূরণ করে পাঠলে - বিভাগীয় কমিটির তথ্য এবং আপনার সংগঠনের যারতীয় তথ্যদি সংক্ষেপে সেখানে পাওয়া যাবে। তখন সরাসরি আপনার সাথে জাতীয় ও আন্তর্জাতিক যে কোন যোগাযোগ সম্ভব হবে।
- ৫। সভায় স্থানীয় সংগঠনের জন্য নিজস্ব জবাবদিহিতা চার্টার খসড়াভাবে অনুমোদন করা হয়। খসড়া ঘোষণাপত্র পাঠ করা হয় এবং আলোচনা ও ফিডব্যাকের জন্য উন্মুক্ত রাখা হয়।
- ৬। সভায় বাংলাদেশ পরিবেশ আন্দোলনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক ডা. আব্দুল মতিন এবং এডাব পরিচালক এ কে এম জসীম উদ্দীন উপস্থিত ছিলেন এবং স্থানীয়করণ ক্যাম্পেইন কর্মসূচীর প্রতি একাত্মা ঘোষণা করে বক্তব্য রাখেন। আর কোন আলোচনা না থাকায় আগামী ২০ মে ২০১৯ তারিখে আগামী সভার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রস্তুতকারী

মোস্তুফা কামাল আকন্দ

বিডি সিএসও এনজিও প্রসেস (স্থানীয়করণ) সচিবালয়

মোবাইল : ০১৭১১৪৫৫৫৯১